

বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রশাসন শাখা

পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও^১
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব মোঃ হামান মিয়া
চেয়ারম্যান	
সভার তারিখ	১৪-০৯-২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	‘ঐকতান’ সভাকক্ষ, বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং আগামী ২৭ সেপ্টেম্বর পালিতব্য বিশ্ব পর্যটন দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে চট্টগ্রামে জন্মকৃত পণ্যের (সিগারেট) স্টোর রেন্ট চার্জ মওকুফের বিষয়ে সভাপতি পরিচালক (বাণিজ্যিক) মহোদয় এবং মহাব্যবস্থাপক (ডিএফও), বাপক অফিসার্স এসোসিয়েশন-এর সভাপতি, সাধারণ সম্পাদকসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যালয়/চলাচল পুনরায় চালু করায় ১৯-০৮-২০২১ তারিখের পর হতে বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহের আয় উর্ধমুখী হয়েছে। সেজন্য তিনি পরিচালক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) ও ইউনিট ব্যবস্থাপকগণকে ধন্যবাদ জানান। পর্যটন ভবন-এর ‘রুফটপ রেস্টোরাঁ’-তে গ্যাস সংযোগ প্রহণের কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি হওয়ায় বাপক অফিসার্স এসোসিয়েশন-এর সভাপতি, সাধারণ সম্পাদকসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

২.০। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। সভাপতি’র সম্মতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক গত ১৯-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাৱ আছে কিনা জানতে চাওয়া হলে কোন সংশোধনী প্রস্তাৱ না থাকায় সেটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৰণ করা হয়। অতঃপর মহাব্যবস্থাপক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও বর্তমান সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। কার্যপত্রের উপর ধারাবাহিক আলোচনা ও সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রম	বিবরণ
৩.০।	মুজিব শতবর্ষ
৩.১।	<p>‘মুজিব শতবর্ষ’ উদযাপন প্রসঙ্গে আলোচনা: মুজিব জন্মশতবার্ষিকীর বৰ্ধিত সময়ে বাপক-এর সময়াবস্থ নতুন কর্মপরিকল্পনায় ১২টি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন চলমান রয়েছে।</p> <p>কর্মসূচি ১: গত ২১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ ‘বঙ্গবন্ধু ও ১৯৫২’র ভাষা আন্দোলন’ শীর্ষক সেমিনার জুম ক্লাউডে আয়োজন করা হয়েছে।</p> <p>কর্মসূচি ২: গত ১৭ মার্চ ২০২১ জাতির পিতার ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে:</p> <ul style="list-style-type: none"> ক. ধানমন্ডি জাতির পিতার প্রতিকৃতিতে শুন্দা নিবেদন; খ. বাপক প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে ড্রপ-ডাউন ব্যানার ঝুলানো, আলোকসজ্জাকৰণ এবং মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন; গ. প্রধান কার্যালয়ে কেক কাটা কর্মসূচি; ঘ. জাতির পিতা বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন ও তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে ভবিষ্যত প্রজন্মের করণীয় শীর্ষক তাৰ্তুয়াল আলোচনা সভা;

৬. বাপক-এর হোটেল অবকাশের উদ্যোগে এতিম ও দুষ্টদের মাঝে খাবার বিতরণ;
৭. বাপক-এর সকল হোটেল-মোটেলে আগত অতিথিদের জন্য আবাসনের উপর ১৭ মার্চ একদিনের জন্য ২০% + ১৭% = মোট ৩৭% ডিসকাউন্ট অফার;
৮. বাপক-এর সকল ইউনিটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রণীত ধীম সং পরিবেশন।

কর্মসূচি ৩:

- গত ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশনে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করা হয়েছে:
- ক. ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত;
- খ. ২৫ মার্চ বাপক প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ঝ্যাক আউট;

২৬ মার্চ ২০২১

- ক. সুর্যোদয়ের সাথে সাথে প্রধান কার্যালয়সহ ইউনিটগুলোতে জাতীয় পতাকা উত্তোলন;
- খ. বাপক প্রধান কার্যালয়সহ বিভাগীয়/জেলা পর্যায়ের হোটেল, মোটেলে ব্যানার ঝুলানো এবং আলোকসজ্জাকরণ;
- গ. বাপক প্রধান কার্যালয়ের উদ্যোগে দরিদ্রদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন;
- ঘ. বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন ও মুজিবৰ্ষ উদযাপন উপলক্ষ্যে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম’ শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা;
- ঙ. জাতির শাস্তি, সমৃক্ষি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে বাপক প্রধান কার্যালয়সহ ইউনিটগুলোতে মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত;
- চ. বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিবৰ্ষ উদযাপন উপলক্ষ্যে বাপক এর হোটেল, মোটেলে আগত অতিথিদের আবাসনের উপর একদিন ২৬% ডিসকাউন্ট অফার;
- ছ. বাপক-এর হোটেল অবকাশের উদ্যোগে এতিম এবং দুষ্ট শিশুদের মাঝে খাবার বিতরণ;
- জ. বাপক ওয়েবসাইটে সুবর্ণ জয়ন্তী কর্ণার স্থাপন।

কর্মসূচি ৪ (১২-১৩ এপ্রিল '২১):

- বঙ্গবন্ধুর সাম্প্রদায়িক সম্প্রীতি চেতনা লালনে ‘পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় বৈসাবি উৎসব’ আয়োজন/বৈসাবি প্যাকেজ অফার কোডিড-১৯ এর কারণে পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয় কর্মসূচিটি স্থগিত করেছেন।

কর্মসূচি ৫ (জুলাই '২১):

- কোডিড-১৯ এর কারণে ‘সুজলা-সুফলা সোনার বাংলায় আম উৎসব’ কর্মসূচিটি স্থগিত করা হয়েছে।

কর্মসূচি ৬ (১৫ আগস্ট '২১, জাতীয় শোক দিবসের কর্মসূচি):

- স্বাধীনতার মহান স্মৃতি জাতির পিতা শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বাংলাদেশ পর্যটন করপোরেশন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

- ক. বাপক প্রধান কার্যালয় ‘পর্যটন ভবন’ সহ সকল ইউনিটগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;

- খ. ধানমন্ডিস্থ ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শুক্র নিবেদন;

- গ. পর্যটন ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ;

- ঘ. টুঙ্গিপাড়াস্থ হোটেল মধুমতি সার্বিকভাবে প্রস্তুত রাখা;

- ঙ. কালো ব্যাজ প্রস্তুত ও বিতরণ;

- চ. মিলাদ ও দোয়া মাহফিল;

- ছ. জুম এর মাধ্যমে বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আজীবনী’ গ্রন্থের উপর পাঠচক্র এবং আলোচনা সভা;

- জ. বাপক-এর সকল হোটেল-মোটেলের ইউনিট ব্যবস্থাপকগণ জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে স্থানীয়ভাবে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;

- ঘ. শোক ব্যানার প্রস্তুত এবং প্রধান কার্যালয়সহ সকল ইউনিটের দৃশ্যমান স্থানে স্থাপন করা;

কর্মসূচি ৭ (২৭ সেপ্টেম্বর' ২১):

- বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে ‘বঙ্গবন্ধুর স্বপনের সোনার বাংলা এবং বাংলাদেশের পর্যটন’ শীর্ষক সেমিনার আয়োজন ও এনএইচটিটিআই এর উদ্যোগে ‘কুকিং শো’ কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

- ক. সকালে বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে আয়োজিত ব্যালীতে সংস্থার নিজস্ব ব্যানারসহ অংশগ্রহণ;

- খ. বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে পর্যটন ভবন ও বাণিজ্যিক ইউনিটসমূহে ব্যানার স্থাপন ও সামর্থ অনুযায়ী সজ্জিতকরণ;

- গ. বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে পর্যটন ভবন ও বাণিজ্যিক ইউনিটসমূহে ব্যানার স্থাপন ও সামর্থ অনুযায়ী সজ্জিতকরণ;

	<p>ঘ. আবাসনের উপর রেয়াত প্রদানের ব্যবস্থাকরণ।</p> <p>কর্মসূচি ৮ (অক্টোবর '২১): সংস্থার অবসরগ্রহণকারী বা বর্তমানে কর্মরত কর্মকর্তাদের মধ্যে যারা বঙ্গবন্ধুর সহচার্য বা ঘনিষ্ঠতা লাভ করতে পেরেছিলেন তাদেরকে নিয়ে বঙ্গবন্ধুর উপর সৃতিচারণ অনুষ্ঠান ভার্টুয়ালি আয়োজন করা হবে।</p> <p>কর্মসূচি ৯ (নভেম্বর '২১): বঙ্গবন্ধুর পছন্দের খাবারের মেনু প্রস্তুত ও তা সকল ইউনিটে চালু করা।</p> <p>কর্মসূচি ১০ (চলমান): মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে ১৭ (সতের) সংখ্যার সাথে মিল রেখে ১৭ মার্চ, ১৪ এপ্রিল, ১৭ এপ্রিল, ১৬ ডিসেম্বর ইত্যাদি তারিখে যথাক্রমে ১৭%, ৩৪% এবং ৫১% ইত্যাদি হারে বাণিজ্যিক ইউনিটে কক্ষ ভাড়ার উপর রেয়াদ প্রদান। এতদবিষয়ে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>কর্মসূচি ১১ (চলমান): বাংলাদেশে বঙ্গবন্ধু সৃতিবিজড়িত স্থান/ভ্রমণ করেছেন এমন ১০০টি স্থান নির্বাচন করে অনলাইনে দেশে-বিদেশে প্রচার করা।</p> <p>কর্মসূচি ১২ (১৬ ডিসেম্বর '২১): বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় কমিটির সমাপনী প্রোগ্রামে বর্ণাত্য র্যালীসহ বাপক'র অংশগ্রহণ : জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পর্যটন করপোরেশন স্বতন্ত্রভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ করবে।</p> <p>গত ০৮ জুন ২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ/বাস্তবায়িত হয়েছে।</p> <p>ক. প্রথম কার্যালয়সহ সকল ইউনিটে মুজিব জন্মশতবার্ষিকীর সাথে সমন্বয় করে ব্যানার তৈরি ও টাঙানো হয়েছে;</p> <p>খ. মুজিববর্ষের লোগো ও স্বাধীনতার সুবর্ণজয়ষ্ঠীর লোগো সম্মিলিত ১০০টি প্যাড ইতোমধ্যে তৈরি করা হয়েছে;</p> <p>গ. সংস্থার সকল চিঠিপত্র, বিজ্ঞাপনের মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ষ্ঠীর লোগো ব্যবহারের জন্য সংস্থার সকল শাখাকে বলা হয়েছে এবং কার্যকর করা হয়েছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) 'মুজিব শতবর্ষ' উদযাপন সংক্রান্ত প্রতিটি অনুষ্ঠানকে সর্বাধিক গুরুত্ব দিয়ে পরিবর্তিত পরিস্থিতিতে জাতীয় কমিটি তথা রাষ্ট্রীয় সিদ্ধান্ত/নির্দেশনা অনুসরণে বাপক'-এর পক্ষ হতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। একইসাথে সকল প্রকাশনা, প্রচারণা ও গৃহীত কার্যক্রমের ছবি, ভিডিও বা আনুষঙ্গিক প্রশাসনিক সংগ্রহ ও সংরক্ষণ করে বাপক'-এর পক্ষে পরবর্তীতে একটি সংকলন আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) ব্যবস্থাপক (বিউজস) জাতীয় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর থেকে 'বঙ্গবন্ধুর ১০০ পর্যটন গন্তব্য' বিষয়ক কার্যক্রমের তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পছন্দের খাবারের মেনু সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দণ্ডের যোগাযোগ অব্যাহতে রাখতে হবে। এ বিষয়ে অধ্যক্ষ (এনএইচটিআই) আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবর খসড়া দাখিল করবেন।</p> <p>গ) সরকারের সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত অনুষ্ঠান অনলাইন বা স্বাস্থ্যবিধি মেনে পালন করা সম্ভব সেগুলো বাপক যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট সকল কমিটি / ব্যবস্থাপক (বিউজস)</p>
৩.২।	<p>‘পর্যটন ভবন’-এ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন প্রস্তুতে</p> <p>আলোচনা: বাপক'-এর প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন ও আনুষঙ্গিক সকল প্রক্রিয়া সম্পর্ক করার জন্য মহাব্যবস্থাপক (পৃষ্ঠা ‘পর্যটন ভবন’-এর স্থপতি জনাব মোঃ আসিফুর রহমান ভুঁইয়া, অতিরিক্ত প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর-এর মাধ্যমে ভোটিং করে অতি সতর কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করবেন।</p> <p>সিদ্ধান্ত: চলতি মাসের মধ্যে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কার্যক্রম সম্পর্ক করতে হবে।</p> <p>বাস্তবায়ন: গঠিত কমিটি / মহাব্যবস্থাপক (পৃষ্ঠা)</p>

৩.৩।	<p>স্বাধীনতার সুবর্ণজয়ষ্ঠী উদযাপন প্রসঙ্গে</p> <p>আলোচনা: করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় সরকারের সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত অনুষ্ঠান অনলাইন বা স্বাস্থ্যবিধি মেনে পালন করা সম্ভব সেগুলো যথাযোগ্য মর্যাদায় প্রতিপালনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: সরকারের সিদ্ধান্ত মোতাবেক যে সমস্ত অনুষ্ঠান অনলাইন বা স্বাস্থ্যবিধি মেনে পালন করা সম্ভব সেগুলো বাপক যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করবে। এছাড়া প্রয়োজন সাপেক্ষে নির্দেশিত সময় অবধি স্বাধীনতার সুবর্ণজয়ষ্ঠী ও উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে অনুমোদিত লোগো ব্যবহারসহ আনুষঙ্গিক বিষয়াদি সমস্য সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত থাকবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট সকল কমিটি / ব্যবস্থাপক (বিউজস) / প্রশাসন শাখা</p>										
৩.৪।	<p>বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহের জুলাই মাসের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি প্রসঙ্গে</p> <p>আলোচনা: জুলাই ২০২১ মাসে বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি সম্পর্কিত সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:</p> <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th style="text-align: center; padding: 2px;">ক্রম</th> <th style="text-align: center; padding: 2px;">মোট বাণিজ্যিক ইউনিট</th> <th style="text-align: center; padding: 2px;">মোট আয়</th> <th style="text-align: center; padding: 2px;">মোট ব্যয়</th> <th style="text-align: center; padding: 2px;">লাভ/ক্ষতি</th> </tr> </thead> <tbody> <tr> <td style="text-align: center; padding: 2px;">১</td> <td style="text-align: center; padding: 2px;">৪৯</td> <td style="text-align: center; padding: 2px;">৫৫৭.৫৫</td> <td style="text-align: center; padding: 2px;">৬৩৪.২৬</td> <td style="text-align: center; padding: 2px;">- ৭৬.৭১</td> </tr> </tbody> </table> <p style="text-align: right; margin-top: -10px;">(লক্ষ টাকা)</p> <p>সিদ্ধান্ত: অর্থ ও হিসাব শাখার সহযোগিতায় বাণিজ্যিক শাখা ইউনিটসমূহের মাসিক প্রতিবেদন (আয়/ব্যয় ও লাভ/ক্ষতি) সংরক্ষণ করবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ব্যবস্থাপক (বাণিজ্যিক) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>	ক্রম	মোট বাণিজ্যিক ইউনিট	মোট আয়	মোট ব্যয়	লাভ/ক্ষতি	১	৪৯	৫৫৭.৫৫	৬৩৪.২৬	- ৭৬.৭১
ক্রম	মোট বাণিজ্যিক ইউনিট	মোট আয়	মোট ব্যয়	লাভ/ক্ষতি							
১	৪৯	৫৫৭.৫৫	৬৩৪.২৬	- ৭৬.৭১							
৪.০।	<p>আইন শাখা</p>										
৪.১।	<p>রীট, দেওয়ানী, ফৌজদারি এবং বিভাগীয় মামলা প্রসঙ্গে</p> <p>আলোচনা: আদালতে চলমান মামলাসমূহের ক্ষেত্রে যেগুলো বিজ্ঞ আদালতের রায় প্রাপ্তির পরপরই সংস্থার নিষ্পত্তি হিসেবে নথিভুক্ত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সংস্থার নিজস্ব মামলাসমূহের বিষয়ে সতর তদন্ত প্রদিবেদন উপস্থাপনের জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। সভাপতি বলেন, কার্যকারিতা নেই এমন মামলাও কার্যতালিকায় রয়ে গেছে। এই অবস্থা থেকে উভরণের উপায় খুঁজতে তিনি আইন শাখাকে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <ul style="list-style-type: none"> ক) সিলেট শিশুপার্ক সংক্রান্ত সংশ্লিষ্ট বেসরকারি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (লিজ গ্রাহীতা) সাথে চুক্তি নবায়ন ও অন্যান্য পাওনার বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং দুট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) সংস্থার পক্ষে দায়েরকৃত ও সংস্থার বিপক্ষে উত্থাপিত মামলাসমূহ এই দুটি ভাগে বিভক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে। <ul style="list-style-type: none"> খ.১) গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকা আলাদা করতে হবে। খ.২) অগুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকায় যেসব মামলার কোন কার্যকারিতা নেই সেগুলো কার্যতালিকা থেকে বাদ দেয়ার লক্ষ্যে বিজ্ঞ আইন উপদেষ্টার সাথে জরুরি ভিত্তিতে আলোচনা করতে হবে। খ.৩) গুরুত্বপূর্ণ ও মূল মামলাসমূহের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে। <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (বাণিজ্যিক) / উপব্যবস্থাপক (আইন)</p> <p>গ) ইউনিটওয়ারী চলমান সকল মামলার বিষয়ে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং কনটেম্পট মামলা হলে তা সাথে সাথে উর্ক্টন কর্তৃপক্ষের দৃষ্টিগোচর করতে হবে। তারিখ নির্ধারিত আছে বা অনিষ্পত্তি অবস্থায় আছে এমন প্রতিটি মামলার ক্ষেত্রেই যেন বাপক-এর পক্ষ থেকে উপস্থিতি নিশ্চিত করা হয়, সে বিষয়ে সচেষ্ট হতে হবে। সংস্থার পক্ষে/বিপক্ষে চলমান সকল মামলার অগ্রগতি পর্যালোচনার কার্যক্রম চলমান রাখতে হবে। এছাড়া চলমান মামলাসমূহে যেন কোন পক্ষ কোন ধরনের অনৈতিক ফায়দা আদায় করতে না পারে এবং চলমান কোন মামলা যাতে বিনা তদবিরে বা অনুপস্থিতিতে বাপক-এর বিরুক্তে পরিচালিত না হয় কিংবা রায় না হয় সে বিষয়ে বিশেষ নজর রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: উপব্যবস্থাপক (আইন)</p>										

ঘ) আগস্ট ২০২১ মাসে বাপক-এর বিভাগীয় মামলাসমূহের তথ্য নিম্নরূপ:

মামলার বিবরণ	সংখ্যা	মন্তব্য
জুলাই '২১ মাসের জের	০৮টি	
আগস্ট '২১ মাসে দায়ের	-- টি	
মোট মামলার সংখ্যা	০৮টি	
আগস্ট '২১ মাসে নিষ্পত্তি	০৩টি	
অনিষ্পত্তি মামলার সংখ্যা	০৫টি	আদালতে চলমান মামলা ০২টি। এর মধ্যে ০১টি মামলায় মহামান্য হাইকোর্ট হতে স্থগিতাদেশ দেয়া হয়েছে। অপর ০১টি মামলা বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতে চলমান রয়েছে। অন্যান্য ০৩টি মামলা অনিষ্পত্তি রয়েছে।
১ বছরের উর্ধ্বে	০২টি	
৬ মাসের উর্ধ্বে	০৩টি	
৩ মাসের উর্ধ্বে	-- টি	
৩ মাসের মধ্যে	-- টি	

সংস্থার অনিষ্পত্তি মামলাসমূহের মধ্যে শুনানীর জন্য নির্ধারিত মামলার শুনানীর তারিখ নির্ধারণ করতে হবে এবং
আগামী এক মাসের মধ্যে শুনানী সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বাস্তবায়ন: ব্যবস্থাপক (প্রশাসন)

৪.২।	<p>হোটেল অবকাশ-এ অভ্যন্তরীণ নিরীক্ষার ভিত্তিতে উপস্থিতি অভিযোগের বিষয়ে বিভাগীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে আলোচনা: হোটেল অবকাশ-এর অভ্যন্তরীণ নিরীক্ষায় অনিয়ম ও অর্থ তচরুপের অভিযোগে দায়-দায়িত্ব নির্ধারণের জন্য গঠিত ০৩ (তিনি) সদস্য বিশিষ্ট কমিটি-তে ব্যবস্থাপক (নিরীক্ষা)-কে অন্তর্ভুক্ত করে অতি সতর বিষয়টি সমাধান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: অতি সতর এ বিষয়ে তদন্ত প্রতিবেদন উপস্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। সে লক্ষ্যে সংশ্লিষ্ট নথি মারফত বিষয়টি দ্রুত উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট কমিটি</p>
৫.০।	প্রশাসন শাখা
৫.১।	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে আলোচনা: বাপক-এর ২০২১-২২ অর্থবছরের APA-এর সময়সূচি অনুযায়ী আগস্ট ২০২১ মাসে একটি পর্যালোচনা সভা গত ২৬-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া ২০২১-২২ অর্থবছরের APA-এর কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।</p> <p>সিদ্ধান্ত: ক) বাপক-এর ২০২১-২২ অর্থবছরে APA-এর কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে। খ) প্রতি মাসে নিয়মিত সভা আয়োজন করে ছক্কবন্ধ কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা / ডেক্স কর্মকর্তা, APA (সকল শাখা) / APA টিম</p>
৫.২।	<p>জাতীয় শুল্কার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর সার্বিক কার্যক্রম প্রসঙ্গে আলোচনা: জাতীয় শুল্কার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বাপক-এর নেতৃত্বকৃত কমিটি'র সভার মাধ্যমে গৃহীত সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন হয়। বাপক-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুল্কার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর ১ম ত্রৈমাসিক সভা আগামী ১৯-০৯-২০২১ তারিখে অনুষ্ঠানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p>

২৪



	<p>সিদ্ধান্ত: বাপক-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর কাঞ্জিক্ত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে। এছাড়া শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনার সময়সূচি অনুযায়ী নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা / সংশ্লিষ্ট সকল শাখা</p>														
৫.৩।	<p>অভিযোগ নিষ্পত্তি এবং তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ প্রসঙ্গে</p> <p>আলোচনা: অভিযোগ নিষ্পত্তি, গগশুনানী প্রভৃতি বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে নির্দেশনা দেন যে, যেকোন ধরনের অভিযোগকে স্বাগত জানাতে ইউনিট ব্যবস্থাপকগণ সচেষ্ট হবেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) বাণিজ্যিক ইউনিটে আগত অতিথিদের মূল্যবান মন্তব্য/পরামর্শ/সুপারিশ যথাযথভাবে সংগ্রহের লক্ষ্যে প্রতি সমন্বয় সভায় নিম্নরূপ ছক অনুযায়ী তথ্য উপস্থাপন করতে হবে:</p> <table border="1"> <thead> <tr> <th>১</th><th>ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি</th><th>প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি</th><th>ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি</th><th>প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি</th><th>ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি</th><th>প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি</th></tr> </thead> <tbody> <tr> <td>২</td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr> </tbody> </table> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (প্রশাসন, বাণিজ্যিক, পরিকল্পনা, বিওজস) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p> <p>খ) আইসিটি শাখা নিয়মিত তথ্য-বাতায়নসমূহ হালনাগাদ করবে।</p> <p>বাস্তবায়ন: আইসিটি শাখা</p>	১	ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি	প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি	ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি	প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি	ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি	প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি	২						
১	ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি	প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি	ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি	প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি	ইউনিট ব্যবস্থাপক কর্তৃক নিষ্পত্তি	প্রধান কার্যালয় কর্তৃক নিষ্পত্তি									
২															
৫.৪।	<p>অনিষ্পত্তি বিষয়াদি প্রসঙ্গে</p> <p>আলোচনা: প্রত্যেক ইউনিট বা শাখা থেকে শুন্য প্রতিবেদন হলেও অনিষ্পত্তি বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে সভাপতি কঠোর নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: অনিষ্পত্তি বিষয়াদির তালিকায় কী বিষয় কী কারণে কার নিকট অনিষ্পত্তি অবস্থায় আছে- ইত্যাদি তথ্য অর্তভুক্ত করে প্রতিবেদন প্রণয়ন করতে হবে। বাপক-এর সকল শাখা ও বাণিজ্যিক ইউনিটের অনিষ্পত্তি বিষয়ের তালিকা প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে চেয়ারম্যান-এর দণ্ডন বরাবর প্রেরণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (সকল) / চেয়ারম্যান-এর একান্ত সচিব</p>														
৫.৫।	<p>বাপক-এর জনবল কাঠামো প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর জনবল কাঠামো অনুমোদনের লক্ষ্যে বাপক হতে সংশোধিত প্রস্তাব গত ১০-০৬-২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত রয়েছে।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর জনবল কাঠামো বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রশাসন শাখা</p>														
৫.৬।	<p>বাপক-এর শুন্য পদে জনবল নিয়োগ প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর স্থায়ী জনবল নিয়োগের বিষয়ে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি সংস্থার আয়-ব্যয়ের ভারসাম্য ও বকেয়ার পরিমাণ ইত্যাদির তুলনামূলক বিবরণী বিবেচনায় নিয়ে সুবিবেচনাপ্রসূত ও সুনির্দিষ্ট প্রস্তাবনা কর্তৃপক্ষ বরাবর দাখিলের লক্ষ্যে কার্যক্রম শুরু করেছে।</p> <p>সিদ্ধান্ত: গঠিত কমিটি নিয়োগবিধি যাচাই-বাছাইপূর্বক বাপক-এর আয়-ব্যয়ের ভারসাম্য ও বকেয়ার পরিমাণ ইত্যাদির তুলনামূলক বিবরণী বিবেচনায় নিয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)</p>														

৬.০।	অর্থ ও হিসাব শাখা								
৬.১।	<p>সংস্থার চলতি অর্থবছরের আয়-ব্যয় প্রসঙ্গে</p> <p>আলোচনা: সংস্থার ২০২০-২১ অর্থবছরে আয়ের ধার্যকৃত লক্ষ্যমাত্রা হলো ১৩৬৭৬.০০ লক্ষ টাকা। আগস্ট ২০২১ মাসের লক্ষ্যমাত্রা ১১৩৯.৬৬ লক্ষ টাকার বিপরীতে অজিত হয়েছে ৫৫৭.৫৫ লক্ষ টাকা। নির্ধারিত লক্ষ্যমাত্রা থেকে $(১১৩৯.৬৬ - ৫৫৭.৫৫) = - ৭২১.৮৬$ লক্ষ টাকা আয় কম হয়েছে। অন্যদিকে আগস্ট ২০২১ মাসের মোট আয় ৫৫৭.৫৫ লক্ষ টাকা এবং মোট ব্যয় ৬৩৪.২৬ লক্ষ টাকা। ফলে নেট ক্ষতির পরিমাণ $(৫৫৭.৫৫ - ৬৩৪.২৬) = - ৭৬.৭১$ লক্ষ টাকা। ইউনিট প্রধানমন্ত্রী মাসিক প্রতিবেদন প্রেরণ অব্যাহত রেখেছেন। অবচয় খাতে অর্থ আদায় অব্যাহত আছে। প্রধান কার্যালয়সহ বাণিজ্যিক ইউনিটগুলোর মাসিক অবচয় ৫৭.৮৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। অবচয় খাতে এ পর্যন্ত ৫৫০ লক্ষ (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা FDR করা হয়েছে এবং ৩১-০৮-২০২১ তারিখ পর্যন্ত অবচয় খাতে ৫৬,২১,৯২২.০০ (ছাপান লক্ষ একশ হাজার নয় শত বাইশ) টাকা ব্যাংকে স্থিত রয়েছে।</p> <p>সিকান্ত:</p> <ul style="list-style-type: none"> ক) ডিএফওসহ সকল ইউনিট ব্যবস্থাপক মাসিক প্রতিবেদন (আয়/ব্যয়) প্রেরণ অব্যাহত রাখবেন এবং সকল ইউনিট হতে অবচয় খাতের জমা নিশ্চিত করতে হবে। খ) অবচয়জনিত যে টাকা FDR করা হয়ে থাকে সেটি আর্থিক দুর্দিনে তারল্যতার দিকে সতর্ক দৃষ্টি বজায় রেখে জমা করতে হবে। <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>								
৬.২।	<p>বাপক-এর বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন প্রসঙ্গে</p> <p>আলোচনা: পরিচালক (বাণিজ্যিক) উল্লেখ করেন যে, সংস্থার যে বাজেট আছে সেটি প্রথা অনুযায়ী বাস্তবায়ন করা দরকার এবং আয় ও ব্যয় কর্ত, সম্ভাব্য ব্যয় কর্ত, উন্নয়ন প্রকল্পের খরচ কর্ত সেগুলো সাধারণ সভা বা বাজেট সভা বা বিশেষ বাজেট সভায় আলোচনাপূর্বক নির্ধারণ করা যেতে পারে। সে লক্ষ্যে দুটি একটি সভা আহবানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিকান্ত:</p> <ul style="list-style-type: none"> ক) বাজেট ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক দুটি বাপক-এর বাজেট সংক্রান্ত সাধারণ সভা আহবান করতে হবে। খ) এক অর্থবছরের ব্যয় অন্য অর্থবছরে করা যাবে না। ৩০ জুন তারিখের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। গ) এক অর্থবছরের ব্যয় অন্য অর্থবছরে করতে হলে তালিকা করে বাজেট ম্যানেজমেন্ট কমিটি'র সভায় জবাবদিহির মাধ্যমে অনুমোদন নিতে হবে। <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ব্যবস্থাপক (বিউজিস)</p>								
৬.৩।	<p>তৃতীয় পক্ষ কর্তৃক যাচাইকরণ (Cross Verification) প্রসঙ্গে</p> <p>আলোচনা: সভাপতি ব্যবস্থাপক (অর্থ ও হিসাব)-কে নির্ধারিত ছক অনুযায়ী প্রতি মাসের সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করতে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিকান্ত: অনিয়ম নির্মূলে বড় ধরনের (উদাহরণস্বরূপ ১০ লক্ষ টাকার অধিক) ক্রয়কার্য সম্পন্নের ক্ষেত্রে এবং উক্ত বিল পরিশোধের ক্ষেত্রে সংস্থার অভ্যন্তরীণ তৃতীয় পক্ষ/শাখা কর্তৃক যাচাই (Cross Verification) অন্তে কার্য সমাধা করতে হবে। নিম্নরূপ ছক অনুযায়ী তালিকা সংগ্রহ, সংরক্ষণ ও সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে:</p> <table border="1" style="width: 100%; border-collapse: collapse; text-align: center;"> <thead> <tr> <th style="width: 20%;">ক্রম</th> <th style="width: 30%;">ক্রয়কার্য সম্পন্নকারী শাখা/ইউনিট</th> <th style="width: 30%;">ক্রয়কার্যে অর্থের পরিমাণ</th> <th style="width: 20%;">তৃতীয় পক্ষ হিসেবে যাচাইকারী শাখা/ইউনিট</th> </tr> </thead> <tbody> <tr> <td style="text-align: center;">১</td> <td></td> <td></td> <td></td> </tr> </tbody> </table> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) / ব্যবস্থাপক (সকল)</p>	ক্রম	ক্রয়কার্য সম্পন্নকারী শাখা/ইউনিট	ক্রয়কার্যে অর্থের পরিমাণ	তৃতীয় পক্ষ হিসেবে যাচাইকারী শাখা/ইউনিট	১			
ক্রম	ক্রয়কার্য সম্পন্নকারী শাখা/ইউনিট	ক্রয়কার্যে অর্থের পরিমাণ	তৃতীয় পক্ষ হিসেবে যাচাইকারী শাখা/ইউনিট						
১									
৬.৪।	<p>বাপক-এর 'ক্রাইসিস ম্যানেজমেন্ট ফাউন্ডেশন' প্রণয়ন ও পরিচালনা প্রসঙ্গে</p> <p>আলোচনা: পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়কে আহবায়ক নির্ধারণ করে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি পুর্ণগঠন করা হয়েছে। সভাপতি দুটি মন্ত্র সময়ের মধ্যে একটি গাইডলাইন প্রণয়নের নির্দেশনা প্রদান করেন।</p>								

সিদ্ধান্ত:

- ক) কোভিড-১৯-এর প্রভাব মোকাবিলায় অংশ হিসেবে গঠিত “বাপক-এর ক্রাইসিস ম্যানেজমেন্ট ফান্ড” বাপক-এর ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক পরিচালিত হবে;
- খ) “বাপক-এর ক্রাইসিস ম্যানেজমেন্ট ফান্ড”-এর অনুকূলে একটি স্বতন্ত্র ব্যাংক হিসাব চালু করতে হবে। ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি সভায় মিলিত হয়ে ব্যাংক নির্বাচন ও যাবতীয় অর্থ এফডিআর বা অন্য কোনভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে। তবে সেক্ষেত্রে লাভজনক ব্যাংক বেছে নিতে সভাপতি পরামর্শ দেন;
- গ) ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি একটি পরিপূর্ণ গাইডলাইন প্রণয়ন করবে এবং এ গাইডলাইন পরবর্তী সভায় উপস্থাপন করবে। সে পর্যন্ত এই ফান্ড থেকে শুধুমাত্র করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর চিকিৎসা অথবা এ রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হলে আর্থিক অনুদান প্রদান করা যাবে।

বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

৭.০। নিরীক্ষা শাখা

৭.১। সংস্থার নিরীক্ষা আপত্তি প্রসঙ্গে

আলোচনা: বাপক-এর অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রদান এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় অডিট সভা অনুষ্ঠানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ছক আকারে সংস্থার আগস্ট '২১ মাসে নিরীক্ষা আপত্তির পরিসংখ্যান নিম্নরূপ:

গত মাসের জের (জুলাই '২১)	৮০৯টি
বর্তমান মাসে (আগস্ট '২১) প্রাপ্ত নতুন আপত্তির সংখ্যা	-- টি
বর্তমান মাসে (আগস্ট '২১) নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা	-- টি
আলোচ্য মাসে অনিষ্পত্তি আপত্তির সংখ্যা	৮০৯টি
আলোচ্য মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় অডিট সভার সংখ্যা	-- টি
আলোচ্য মাসে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট সভার সংখ্যা	-- টি

ক) ব্যবস্থাপক (নিরীক্ষা) জানান, নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পত্রের প্রেক্ষিতে গত ০৮-০৮-২০২১ তারিখে একটি ত্রি-পক্ষীয় সভা আয়োজনের দিন ধার্য ছিল। তবে কোভিড-১৯-এর জন্য বর্ণিত সভা অনুষ্ঠিত হয়নি। উল্লিখিত ৪০৯টি আপত্তির প্রত্যেকটির জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে তিনি অবহিত করেন। নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির সভা আয়োজন উদ্যেগ গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে ০৬টি সাধারণ আপত্তির জবাব প্রেরণের জন্য হোটেল অবকাশকে গত ২৩-০৬-২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। যার জবাব পাওয়া গেছে। শীঘ্ৰই দ্বি-পক্ষীয় সভা আয়োজনের জন্য বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে। বর্তমানে লকডাউন উঠে যাওয়ায় বিলম্বিত সভাগুলি আয়োজন করা সম্ভব হবে। এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে।

খ) প্রতিটি নিরীক্ষা আপত্তির সুনির্দিষ্ট বাস্তব সম্পর্কিত প্রতিবেদন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

গ) অ-নিরীক্ষিত ইউনিটের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করার জন্য ইউনিট ব্যবস্থাপক কর্তৃক কর্তৃপক্ষ বরাবরে আবেদন করেছেন। তাদের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করা হবে।

ঘ) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির জন্য নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত:

- ক) নিরীক্ষা আপত্তির পুনরাবৃত্তিরোধসহ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। APA-এর লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;
- খ) প্রতিটি নিরীক্ষা আপত্তির সুনির্দিষ্ট বাস্তব অবস্থা সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে;
- গ) অ-নিরীক্ষিত ইউনিটসমূহে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করতে হবে এবং প্রধান কার্যালয়সহ বড় ইউনিটসমূহে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে দ্রুতম সময়ের মধ্যে প্রতিবেদন উপস্থাপন করতে হবে;
- ঘ) নিরীক্ষাকারী কর্মকর্তাকে সতর্কতা ও সাবধানতা অবলম্বন করতে হবে। দায়সারা গোছের নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা যাবে না। নিরীক্ষা কার্যক্রমে কোন ত্রুটি-বিচুটির দায় নিরীক্ষাকারীকে বহন করতে হবে এবং আগামী দুই মাসের মধ্যে সকল অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ঙ) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহে নিয়মিত বিরতিতে পত্র প্রেরণ করতে হবে।

	বাস্তবায়ন: ব্যবস্থাপক (নিরীক্ষা)														
৮.০।	আইসিটি শাখা														
৮.১।	<p>সংস্থার আইসিটি শাখার সার্বিক কার্যক্রম প্রসঙ্গে</p> <p>আলোচনা: কোভিড-১৯ সংক্রমণকালে স্বাস্থ্যবিধি অনুসরণের প্রেক্ষিতে সংস্থার সভা/সম্মেলনসহ প্রায় সকল কার্যক্রম ডিজিটাল সেবা ব্যবহার করে আয়োজনের ধারাবাহিকতা বজায় রাখা এবং আয়োজিত কার্যক্রমসমূহের তালিকা সংরক্ষণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপক (আইসিটি) অনলাইন কার্যক্রম অনুষ্ঠানের বিবরণী (০১-০৮-২০২১ থেকে ৩১-০৮-২০২১ তারিখ পর্যন্ত) নিম্নরূপ ছক অনুযায়ী সভায় উপস্থাপন করেন:</p> <table border="1"> <thead> <tr> <th>সভা</th><th>সেমিনার</th><th>প্রশিক্ষণ</th><th>সম্মেলন</th><th>আলোচনা</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr> </thead> <tbody> <tr> <td>০৬</td><td>০১</td><td>১১</td><td>০৮</td><td>০২</td><td>০২</td><td>২৬টি</td></tr> </tbody> </table> <p>সিদ্ধান্ত: অনলাইন ভিডিও কনফারেন্সিং এ্যাপ্লিকেশন সেবা (Zoom Cloud) ব্যবহার করে সংস্থার প্রয়োজনীয় সভা/সেমিনার/প্রশিক্ষণ/সম্মেলন/আলোচনা সভা আয়োজনের কার্যক্রম চলমান রাখতে হবে। এছাড়া প্রতি সমষ্টি সভায় উপর্যুক্ত ছক অনুযায়ী তথ্য উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: আইসিটি শাখা</p> <p>৮.২। বাপক-এর ডাটা সেন্টার, সার্ভার স্টেশন এবং ERP সফটওয়্যার-এর তৃতীয় পক্ষীয় (3rd Party) নিরীক্ষা প্রসঙ্গে</p> <p>আলোচনা: সভাপতি মহোদয় বাপক-এর ডাটা সেন্টার ও পূর্বে ব্যবহৃত ERP সফটওয়্যারটি তয় পক্ষ দ্বারা নিরীক্ষার মাধ্যমে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) একটি তৃতীয় পক্ষের মাধ্যমে (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই নিরীক্ষা দলের কার্যপরিধির মধ্যে থাকবে:</p> <ol style="list-style-type: none"> ১. বাপক-এর চাহিদা কী ছিল? এবং ২. বাপক-এর প্রাপ্তি কী ছিল? খ) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্নে যে সমস্ত সহায়তা চাওয়া হবে, সেগুলো সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ পূরণ করবে; গ) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্নে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ চাহিত সহায়তা দিতে অপারগতা প্রকাশ করলে, তাদের পূর্বে সকল পাওনা বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে; ঘ) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম সম্পন্নের পর তাদেরই সুপারিশমতে চুক্তি অব্যাহত রাখা বা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করা হবে। একইসাথে চুক্তি বাতিল হলে নতুন চুক্তির ক্ষেত্রে তাদের সুপারিশ বিবেচনা করা হবে; ঙ) তৃতীয় পক্ষের (3rd party) নিরীক্ষা কার্যক্রম Bangladesh Computer Council (BCC) কর্তৃক সম্পন্ন করতে হবে। <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (আইসিটি)</p> <p>৯.০। ডিউটি ফ্রি অ্যারেলেন্স ইউনিট</p> <p>৯.১। বাপক-এর নিকট পাওনা সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (ক্যাব)-এর বকেয়া ভাড়া পরিশোধ প্রসঙ্গে</p> <p>আলোচনা: পূর্বতন হারে বকেয়া ভাড়া কিসি আকারে পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর কারণে ভয়াবহ ক্ষতির হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ভাড়া রেয়াত/মওকুফের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছে। সভাপতি উক্ত আবেদন পত্রের প্রেক্ষিতে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) প্রধান কার্যালয় হতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে ও সংস্থার আর্থিক অবস্থা বিবেচনায় বাপক কর্তৃক পরিচালিত হয়রত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ শুক্রমুক্ত বিপণী, ম্যাকস ও ড্রিংকস কর্নারের জায়গার ভাড়া বাবদ সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (ক্যাব)-এর বকেয়া পাওনার একটি নির্দিষ্ট অর্থ (পূর্বতন হারে) কিসির মাধ্যমে পরিশোধের কার্যক্রম বিবেচনায় রাখতে হবে;</p>	সভা	সেমিনার	প্রশিক্ষণ	সম্মেলন	আলোচনা	অন্যান্য	মোট	০৬	০১	১১	০৮	০২	০২	২৬টি
সভা	সেমিনার	প্রশিক্ষণ	সম্মেলন	আলোচনা	অন্যান্য	মোট									
০৬	০১	১১	০৮	০২	০২	২৬টি									



	<p>খ) পাশাপাশি করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯-এর কারণে উত্তৃত ভয়াবহ ক্ষতির হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ভাড়া রেয়াত/মওকুফের জন্য প্রেরিত আবেদন পত্রের প্রক্ষিতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (ডিএফও) / মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) / ব্যবস্থাপক (শুল্কমুক্ত বিপণীসমূহ, হশাত্তাবিব)</p>
৯.২।	<p>বড় লাইসেন্স অডিটকরণ ও একাধিক বড় লাইসেন্সের সংখ্যা প্রসঙ্গে</p> <p>আলোচনা: বড় লাইসেন্স বিষয়ে সভাপতি সবগুলো অডিট করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন, সাধারণত বড় লাইসেন্সগুলো একবার হাতছাড়া হয়ে গেলে ফিরে পাওয়া দুঃসাধ্য। সেক্ষেত্রে বাপক-এর নিজস্ব পরিচালনায় ব্যবহারের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সিদ্ধান্ত: সমুদয় বড় লাইসেন্স-এর অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ডিএফও ইউনিট</p>
৯.৩।	<p>চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে জন্মকৃত জন্মকৃত পণ্য (সিগারেট) সংগ্রহ প্রসঙ্গে</p> <p>আলোচনা: চট্টগ্রামে বেশ বড় পরিমাণের জন্মকৃত পণ্য (সিগারেট) ক্রয় ও সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত: চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে জন্মকৃত পণ্য (সিগারেট) সংগ্রহের বিষয়ে দ্রুত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (ডিএফও) / ডিএফও ইউনিট</p>
৯.৪।	<p>রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় নতুন বার চালুকরণ প্রসঙ্গে</p> <p>আলোচনা: রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় অবস্থানরত বিদেশী নাগরিকদের জন্য সেখানে একটি বার স্থাপনের সার্বিক বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <ul style="list-style-type: none"> ক) ডিএফও ইউনিটের অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় বার পরিচালনার লক্ষ্যে ক্রোকারিজ-কাটলারিজসহ আসবাবপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে; খ) জাতীয় রাজস্ব বোর্ড-এর নিকট আমদানী কোটা বৃক্ষির বিষয়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করতে হবে; গ) চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন বরাবর কেরু প্র্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিঃ-এর পরিবেশক হওয়ার আহবান জানিয়ে একটি পত্র প্রেরণ করতে হবে। পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে বাপক-এর চেয়ারম্যান মহোদয়ের সাথে বিএসএফআইসি'র চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাতের আয়োজন করতে হবে। <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (ডিএফও) / সংশ্লিষ্ট কমিটি / ডিএফও ইউনিট</p>
১০.০।	<p>বাণিজ্যিক শাখা</p> <p>১০.১।</p> <p>বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটে মনিটরিং কার্যক্রম জোরাবরকরণ প্রসঙ্গে আলোচনা</p> <p>আলোচনা: সকল বাণিজ্যিক ইউনিটে অনলাইন মনিটরিং কার্যক্রম চলমান আছে। এছাড়া কোভিড-১৯ সংক্রমণজনিত পরিবর্তিত অবস্থার সাথে সামঞ্জস্য রেখে গ্রাহক সেবা প্রদানের জন্য প্রতিটি ইউনিট স্বাস্থ্যবিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৯-০৩-২০২১ তারিখের প্রজ্ঞাপন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুসরণ করে সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। উল্লেখ্য, গত ১৬-০৮-২০২১ তারিখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে হোটেল/মোটেল চালুকরণ এবং বিক্রয় বৃক্ষির বিভিন্ন কৌশল নিয়ে বাণিজ্যিক ইউনিটসমূহের ভার্চুয়াল সভা আয়োজন করা হয়।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটে মোবাইলের মাধ্যমে যোগাযোগ রক্ষা করাসহ অনলাইন মনিটরিং কার্যক্রম চলমান থাকবে। সকল ধরনের ব্যয় সংকোচন নীতি প্রতিপালন এবং বিক্রয় বৃক্ষির উপায় সম্পর্কে প্রাপ্ত মতামত/সুপারিশ পর্যালোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বাণিজ্যিক ইউনিটসমূহের ভার্চুয়াল সভা আয়োজনের ধারাবাহিকতা রক্ষা করতে হবে। কোভিড-১৯ সংক্রমণজনিত পরিবর্তিত অবস্থার সাথে সামঞ্জস্য রেখে গ্রাহক সেবা প্রদানের জন্য প্রতিটি ইউনিট স্বাস্থ্যবিধি ও প্রশাসন এসওপি অনুসরণপূর্বক সকল কার্যক্রম অব্যাহত রাখবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (বাণিজ্যিক) / আইসিটি শাখা / ইউনিট ব্যবস্থাপক (সকল)</p>



১০.২।	<p>বাপ্ক-এর সাকুরা বার-এর বকেয়া ভাড়া পরিশোধ এবং বগুড়া বার-এর উত্তৃত সমস্যা প্রসঙ্গে</p> <p>আলোচনা: সভাপতি শাহবাগস্থ বাপ্ক-এর সাকুরা বার-এর বকেয়া ভাড়া পরিশোধের বিষয়ে বকেয়া পরিশোধের জন্য বাণিজ্যিক শাখাকে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</p> <p>গত ০৯-০৮-২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিতে বগুড়া বারের উত্তৃত সমস্যা নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বগুড়া বারের পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান আছে।</p> <p>সিক্ষান্ত:</p> <p>ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর বকেয়া ভাড়ার অঞ্চল নিরীক্ষাতে পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;</p> <p>খ) বগুড়া বার-এর উত্থিত সমস্যা সমাধানে দুটি কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)</p>																																						
১০.৩।	<p>ইজারা ও ভাড়া প্রদানের তালিকা সমন্বয় সভায় উপস্থাপন ও অনুমোদন প্রসঙ্গে</p> <p>আলোচনা: সংস্থার ইজারা ও ভাড়া প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি বলেন, যেকোন ইজারা বা ভাড়া প্রদানের সমন্বয় সভায় আলোচনা করা প্রয়োজন। পরিচালক (বাণিজ্যিক) মহোদয়ের জিজ্ঞাসার জবাবে ব্যবস্থাপক (বাণিজ্যিক) জানান, ইতিপূর্বে অনুমোদনকৃত মংলা ও রাজশাহী বার-এর ইজারা চুক্তি দুটি স্বাক্ষরিত হয়েছে।</p> <p>সিক্ষান্ত: ইজারা বা ভাড়া দেয়ার ক্ষেত্রে যে সমস্ত ইজারা বা ভাড়া প্রদানের অনুমোদন নথি মারফত গ্রহণ করা হয় বা হচ্ছে সেগুলো প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: গঠিত কমিটি / এস্টেট শাখা / পরিকল্পনা শাখা / বাণিজ্যিক শাখা / ইউনিট ব্যবস্থাপক (বগুড়া)</p>																																						
১১.০।	<p>ভ্রমণ ও রেন্ট-এ-কার-এর সার্বিক বিষয় প্রসঙ্গে</p> <p>আলোচনা: ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন থেকে জানা যায়, বর্তমানে গাড়ীগুলি রূপপূর্ণ পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে সৌজন্য-এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।</p>																																						
১১.১।	<p>ভ্রমণ ও রেন্ট-এ-কার-এর সার্বিক বিষয় প্রসঙ্গে</p> <p>আলোচনা: ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন থেকে জানা যায়, বর্তমানে গাড়ীগুলি রূপপূর্ণ পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে সৌজন্য-এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।</p>																																						
আগস্ট '২১ মাসে আয় ও ব্যয়ের চিত্র																																							
<table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th style="text-align: center;">খাত</th> <th style="text-align: center;">আয়</th> <th style="text-align: center;">ব্যয়</th> <th style="text-align: center;">মুন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td>কোষ্টার</td><td>২,৫৫,০০০/-</td><td>-</td><td>ভ্যাট বাদে আয়</td></tr> <tr> <td>মাইক্রোবাস</td><td>১,২০,০০০/-</td><td>-</td><td>-</td></tr> <tr> <td>এম, এল, শালুক</td><td>-</td><td>-</td><td>-</td></tr> <tr> <td>স্থায়ী কর্মকর্তা</td><td>-</td><td>-</td><td>-</td></tr> <tr> <td>কর্মচারী (কার্যসহকারী)</td><td>-</td><td>২৮,৮০০/-</td><td>-</td></tr> <tr> <td>ভ্যাট</td><td></td><td>৪৮,৯১৩/-</td><td>-</td></tr> <tr> <td>হাউজিংকিপিং</td><td>-</td><td>-</td><td>-</td></tr> <tr> <td>মোট =</td><td>৩,৭৫,০০০/-</td><td>৭৭,৭১৩/-</td><td>লাভ ২,৯৭,২৮৭/-</td></tr> </tbody> </table>				খাত	আয়	ব্যয়	মুন্তব্য	কোষ্টার	২,৫৫,০০০/-	-	ভ্যাট বাদে আয়	মাইক্রোবাস	১,২০,০০০/-	-	-	এম, এল, শালুক	-	-	-	স্থায়ী কর্মকর্তা	-	-	-	কর্মচারী (কার্যসহকারী)	-	২৮,৮০০/-	-	ভ্যাট		৪৮,৯১৩/-	-	হাউজিংকিপিং	-	-	-	মোট =	৩,৭৫,০০০/-	৭৭,৭১৩/-	লাভ ২,৯৭,২৮৭/-
খাত	আয়	ব্যয়	মুন্তব্য																																				
কোষ্টার	২,৫৫,০০০/-	-	ভ্যাট বাদে আয়																																				
মাইক্রোবাস	১,২০,০০০/-	-	-																																				
এম, এল, শালুক	-	-	-																																				
স্থায়ী কর্মকর্তা	-	-	-																																				
কর্মচারী (কার্যসহকারী)	-	২৮,৮০০/-	-																																				
ভ্যাট		৪৮,৯১৩/-	-																																				
হাউজিংকিপিং	-	-	-																																				
মোট =	৩,৭৫,০০০/-	৭৭,৭১৩/-	লাভ ২,৯৭,২৮৭/-																																				
<p>প্রসঙ্গত ব্যবস্থাপক (বাণিজ্যিক) ০৪টি মাইক্রোবাস ভাড়া বাবদ অক্টোবর কোম্পানী এবং শাপলা-শালুক পরিচালনাকারীর নিকট পাওনার বিষয়ে বলেন, অক্টোবর এপ্রিল ২০২১ মাসের মোট ৩,৭৫,০০০/- (তিনি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা পরিশোধ করেছে। পরিচালক (বাণিজ্যিক) বলেন, মে-আগস্ট ২০২১ মাস পর্যন্ত ০৪টি মাইক্রোবাস ভাড়া বাবদ ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) ও ০৪টি কোষ্টার ভাড়া বাবদ ১০,২০,০০০/- (দশ লক্ষ বিশ হাজার), মোট ১৫,০০,০০০/- (পনের লক্ষ টাকা) বকেয়া রয়েছে। তিনি দ্রুতম সময়ের মধ্যে বকেয়া আদায়ের নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিক্ষান্ত:</p> <p>ক) অক্টোবর কোম্পানীর নিকট হতে সমুদয় বকেয়া আদায় করতে হবে;</p> <p>খ) বকেয়া পরিশোধ না করলে অক্টোবর কোম্পানীর ইজারা বাতিল করতে হবে;</p> <p>গ) ইউনিট ব্যবস্থাপক মাসিক প্রতিবেদন (আয়-ব্যয়) প্রেরণ অব্যাহত রাখবেন;</p>																																							



	<p>ঘ) চুক্তি লাভজনক নাহলে চুক্তি বাতিল করে ত্রয়ুক্ত গাড়িগুলো পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটি গাড়িগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকর্ত্ত্বে কর্তৃপক্ষ বরাবর সুপরিকল্পিত ও সুচিত্তি প্রতিবেদন দাখিল করবেন;</p> <p>ঙ) বাপক-এর অনুকূলে বরাদ্দকৃত ট্রাভেল এজেন্সি লাইসেন্স ব্যবহারকারী টুয়েলভ ইভেন্টস-এর সাথে চুক্তি বাতিলের চূড়ান্ত পত্র প্রেরণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট / বাণিজ্যিক শাখা</p>
১২.০।	<p>পিটিএস শাখা</p>
১২.১।	<p>ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রসঙ্গে</p> <p>আলোচনা: মহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, ব্লু-ইকোনমি সংক্রান্ত প্রশাসনিক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সভাসমূহে বাপক থেকে নিয়মিত অংশগ্রহণ করা হয়। এছাড়া বাপক-এর স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনাসমূহ পরিমার্জন করে প্রস্তাব আকারে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>ক) ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) বিষয়ে মন্ত্রণালয়ে আহবানকৃত সভাগুলোতে বাপক-এর প্রতিনিধি নিয়মিত অংশগ্রহণ করবেন;</p> <p>খ) মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক বাপক'-র যে সমস্ত বিষয়ে সংশ্লিষ্টতা রয়েছে উক্ত তালিকা যাচাই অন্তে বাপক-এর জন্য সুবিধাজনক ও বাস্তবায়নযোগ্য কার্যক্রমগুলোর ডিপিপি প্রণয়নপূর্বক অর্থ বরাদ্দের জন্য যথোপযুক্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে;</p> <p>গ) মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক বাপক'-র যে সমস্ত বিষয়ে সংশ্লিষ্টতা রয়েছে উক্ত তালিকা যাচাই অন্তে বাপক-এর জন্য সুবিধাজনক ও বাস্তবায়নযোগ্য কার্যক্রমগুলোর ডিপিপি প্রণয়নপূর্বক অর্থ বরাদ্দের জন্য যথোপযুক্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p> <p>ঘ) উপকূলীয় (কোস্টাল) পরিকল্পনা এবং পরিমার্জিত স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনাসমূহ বাস্তবায়ন কীভাবে করা যায়, সে বিষয়ে পরিকল্পনা শাখার মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের প্রক্ষিতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (পরিকল্পনা)</p>
১২.২।	<p>ই-গভর্ন্যাল ও উত্তোলন কর্ম-পরিকল্পনা প্রসঙ্গে</p> <p>আলোচনা: পরিকল্পনা শাখা থেকে জানা যায় যে, ই-গভর্ন্যাল ও উত্তোলন কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এর ছক অনুযায়ী বর্ণিত কার্যক্রমসমূহের বিষয়ে APA'র নির্ধারিত সূচক অনুসরণে কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম অব্যাহত রয়েছে।</p> <p>সিদ্ধান্ত: ই-গভর্ন্যাল ও উত্তোলন কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এর কার্যক্রমসমূহ APA'র নির্ধারিত সূচক অনুসরণে কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান ও সচেষ্ট হতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (পিটিএস) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি</p>
১২.৩।	<p>অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে</p> <p>আলোচনা: বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: বিভিন্ন অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রাখতে হবে। ই-নথি, বিভাগীয় মামলা, আইন-নীতি-চাকুরির বিধানাবলী, সেবা প্রদান বিষয়ক এবং বাণিজ্যিক প্রচারণা বৃক্ষির মাধ্যমে ব্যবসা সম্প্রসারণ সংক্রান্ত প্রশিক্ষণের পাশাপাশি APA ভুক্ত ৫টি কর্ম-পরিকল্পনার উপর নির্দিষ্ট বিষয়গুলো পরিকল্পনা শাখার নিয়মিত প্রশিক্ষণ পঞ্জিকে অন্তর্ভুক্তকরণ ও অন্যান্য সকল প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (পরিকল্পনা-২)</p>
১৩.০।	<p>এক্সটেট শাখা</p>
১৩.১।	<p>বাপক-এর সকল ইউনিট ও জমিজমা সীমানা নির্ধারণ ও প্রাচীর নির্মাণ প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর সকল জমিজমা অবৈধ দখলদার ও সেগুলোর সীমানা সুরক্ষিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>



	<p>সিক্ষাত:</p> <p>ক) বাপক-এর ইউনিট ব্যবস্থাপকবৃন্দের নিকট হতে প্রাপ্ত তথ্যানুযায়ী পূর্ত শাখা হতে সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে আর্থিক প্রাঙ্গন প্রস্তুত করে কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে;</p> <p>খ) নিজস্ব অর্থায়নে শুধুমাত্র খুঁটি (pillar) পুঁতে হলেও বাপক'-র জমিজমার সীমানা সুরক্ষিত করতে হবে;</p> <p>গ) বাপক-এর জমি অবৈধ দখলদার মুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>ঘ) খরুশকুলে টাওয়ার নির্মাণের বিষয়ে সেখানে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে;</p> <p>ঙ) সিরাজগঞ্জে নির্মাণাদীন প্রকল্পে উত্থাপিত অভিযোগের বিষয়ে গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবে।</p> <p>বাস্তবায়ন: ব্যবস্থাপক (এস্টেট) / পূর্ত শাখা / গঠিত কমিটি</p>
১৩.২।	<p>সম্পদ/ভূমির ইনভেন্টরির গণ ও প্রতিবেদন প্রণয়ন প্রস্তুতি</p> <p>আলোচনা: সভাপতি স্থাবর সম্পত্তির পাশাপাশি সকল অস্থাবর সম্পত্তির ইনভেন্টরি করার নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিক্ষাত:</p> <p>ক) সকল স্থাবর/অস্থাবর সম্পত্তির ইনভেন্টরির পত্র এবং ইনভেন্টরির হালনাগাদ প্রতিবেদন প্রস্তুত করতে হবে;</p> <p>খ) কেন্দ্রীয় স্টোর কর্তৃক ক্রয়কাজ সম্পন্নের পত্র, অর্থ ও হিসাব শাখা কর্তৃক আর্থিক অনুমোদনের পত্র ও বাণিজ্যিক শাখা কর্তৃক ক্রয়কাজ সম্পন্নের সময় অর্থের পরিমাণ অনুমোদনের পত্রসহ সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রদত্ত তথ্য-উপাত্ত (documents) সংগ্রহ করে ইনভেন্টরির সাথে মিলাতে হবে;</p> <p>গ) পাবনা ও সিরাজগঞ্জস্থ বাপক-এর সম্পদের ইনভেন্টরির লক্ষ্যে গঠিত কমিটি ইনভেন্টরির কার্যক্রম শুরু করবে;</p> <p>বাস্তবায়ন: এস্টেট শাখা / পরিকল্পনা শাখা</p>
১৪.০।	<p>এনএইচটিটিআই</p> <p>১৪.১। এনএইচটিটিআই-এর সার্বিক কার্যক্রম প্রস্তুতি আলোচনা</p> <p>অধ্যক্ষ (এনএইচটিটিআই) জানান, এনএইচটিটিআই-এর ওয়েবসাইট চালুকরণ ও ব্যবহার উপযোগীকরণের বিষয়ে আইসিটি শাখার সহযোগীতায় কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>সিক্ষাত:</p> <p>ক) ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে যেসব ক্লাস/কোর্স চলমান রয়েছে সেগুলো অব্যাহত রাখা ও সকল কোর্সের গুণগত মান বজায় রাখতে প্রশিক্ষকবৃন্দকে সর্বোচ্চ আত্মানিয়োগ করতে হবে। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নতুন শর্ট কোর্স আরম্ভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষকবৃন্দের নিয়মিত ও যথাসময়ে কার্যালয়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে। এনএইচটিটিআই থেকে উক্তির ও সনদ প্রাপ্ত অদ্যাবধি সকল প্রশিক্ষণার্থীর পূর্ণাঙ্গ ডাটাবেস প্রস্তুতের লক্ষ্যে সর্বোচ্চ অগ্রাধিকার কার্যক্রম গ্রহণ করতে হবে;</p> <p>খ) নিলাম কমিটি কর্তৃক যাচাই বাছাই করে এনএইচটিটিআই-এর অপ্রয়োজনীয় ও অব্যবহার্য সামগ্ৰীগুলো নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: অধ্যক্ষ (এনএইচটিটিআই) / সাধারণ সেবা শাখা</p>
১৪.২।	<p>এনএইচটিটিআই-এর প্রশিক্ষণ কার্যক্রমের উৎকর্ষতা ও উপযোগীতা বৃদ্ধি প্রস্তুতি</p> <p>আলোচনা: সম্প্রতি ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি খাতের উপর বিশেষায়িত একটি পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে কার্যক্রম শুরু হয়েছে। সে পরিপ্রেক্ষিতে এনএইচটিটিআই'র উপযোগীতা ও শীৰ্ষস্থান বজায় রাখতে এবং এর উৎকর্ষ বৃদ্ধিতে করণীয় ও ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়ে সভাপতি একটি বিস্তারিত উপস্থাপনা (পিপিপি) প্রদর্শনের নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিক্ষাত: বর্তমান উচ্চ প্রতিযোগিতার সময়ে এনএইচটিটিআই-এর উপযোগীতা ও শীৰ্ষস্থান বজায় রাখতে এবং এর উৎকর্ষ বৃদ্ধিতে করণীয় ও ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়ক প্রশাসন প্রতিবেদনের উপর সভার দিনক্ষণ নির্ধারণ করে বিস্তারিত উপস্থাপনা (পিপিপি) প্রদর্শন করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (পরিকল্পনা) / অধ্যক্ষ (এনএইচটিটিআই)</p>



১৫.০।	বিবিধ
১৫.১।	<p>বাপক-এর নবনির্মিত প্রধান কার্যালয় ‘পর্যটন ভবন’-এর তদারকি ও বিবিধ বিষয় প্রসঙ্গে</p> <p>আলোচনা: পরিচালক (বাণিজ্যিক) বাপক-এর প্রধান কার্যালয়স্থ লিফট তিনটি মাঝে মাঝে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে। এছাড়া ভূগর্ভস্থ গাড়ী পার্কিং-এর জায়গার সঠিক ব্যবহার না হওয়ায় সংস্থা ভাড়া গ্রহণ করতে পারছে না। এতে সংস্থা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।</p> <p>সিঙ্কান্ত:</p> <p>ক) বাপক-এর আগারগাঁওস্থ প্রধান কার্যালয় ‘পর্যটন ভবন’-এর নির্মাণ ও ভিজিটিং চেয়ারসহ আসবাব সামগ্রী specification অনুযায়ী প্রাপ্তির হিসাব গণপূর্ত অধিদপ্তরের নিকট হতে বুঝে নিতে হবে;</p> <p>খ) ‘পর্যটন ভবন’-এর লিফট তিনটি ব্যবহার অনুপযোগী হয়ে পড়াসহ এবং অন্যান্য সমস্যাসমূহ চিহ্নিত করা এবং লিফটম্যান বিষয়ক চুক্তি কার্যকরের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে হবে;</p> <p>গ) ‘পর্যটন ভবন’-এর ভূগর্ভস্থ গাড়ী পার্কিং এর জায়গার সঠিক ব্যবহার নিশ্চিতকরে ভবন ব্যবহারকারী সকল সংস্থার গাড়ী নম্বরসমূহ তালিকাভুক্ত করতে হবে। উক্ত তালিকার বাইরের অন্যান্য গাড়ী পার্কিং এর ক্ষেত্রে নিয়ম অনুযায়ী ভাড়া আদায় কার্যক্রম নিশ্চিত করতে হবে।</p> <p>বাস্তবায়ন: সংশ্লিষ্ট কমিটি / পৃষ্ঠা শাখা / পরিকল্পনা শাখা</p>
১৫.২।	<p>বাপক-এর পেনশন খাতে আর্থিক বরাদ্দ প্রদান প্রসঙ্গে</p> <p>আলোচনা: বাপক-এর পেনশন খাতে অর্থ বরাদ্দের বিষয়ে বাপক-এর অফিসার্স এসোসিয়েশন-এর সভাপতি সভায় দৃঢ় প্রস্তাব পেশ করেন। তিনি সংস্থার স্থায়ী আমানতের বিপরীতে প্রাপ্ত মুনাফা হতে ৩,০০,০০,০০০.০০ (তিনি কোটি) টাকা পেনশন খাতে বরাদ্দ প্রদানের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি এ বিষয়ে প্রয়াজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিঙ্কান্ত: বাপক-এর স্থায়ী আমানতের বিপরীতে প্রাপ্ত মুনাফা হতে পেনশন খাতে অর্থ বরাদ্দের বিষয়ে পর্যালোচনা করে দুট কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়ন: মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)</p>

১৬.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাবিলুল চৌধুরী
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০,৩২,০০০,০০০,০৬,০০১,০৭/নং ২১

০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: -----

৭৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (সকল), বাপক, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।
- ৩) অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।
- ৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোহাম্মদ ফজলুল হক
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)